



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রশাসন ডিভিশন
প্রধান কার্যালয়ঃ চাঁপাপুর, কুমিল্লা
www.bgdcl.gov.bd



জরুরি
সীমিত

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.২১২.১৮.০০১.২৩.১৫৯

তারিখ: ২৫ আশ্বিন ১৪৩০
১০ অক্টোবর ২০২৩

বিষয়: ...

অফিস আদেশ-৮৬৬ (সংশোধনী)

সরকারি অফিসসমূহে স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করার নিমিত্ত এবং তথ্য অধিকার আইন-২০০৯ বাস্তবায়নে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার বিষয়ে পরিকল্পনায় ০৬ (ছয়) টি কার্যক্রম ও সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক নির্ধারণ করা হয়েছে। বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল)-এ এসকল সূচকের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন ও মূল্যায়নের লক্ষ্যে কমিটি গঠন সংক্রান্তে ৩০ নভেম্বর ২০২১ খ্রি. তারিখে জারিকৃত অফিস আদেশ-৮৬৬ গত ১৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখে সংশোধন করা হয় (কপি সংযুক্ত)। ইঞ্জিনিয়ারিং সার্ভিস ডিপার্টমেন্টের গত ০২-১০-২০২৩ তারিখের নথির আলোকে উক্ত কমিটি নিম্নোক্তভাবে পুনর্গঠনপূর্বক বর্ণিত অফিস আদেশ পুনরায় সংশোধন করা হলোঃ

১)	প্রকৌশলী আবু মোঃ জাহাঙ্গীর বাদশা উপ-মহাব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং সার্ভিস) ইঞ্জিনিয়ারিং সার্ভিস ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	আহ্বায়ক
২)	জনাব মোহাম্মদ সাখাওয়াত হোসেন ব্যবস্থাপক (ব্যংক ও ক্যাশ) হিসাব ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা ও ফোকাল পয়েন্ট, তথ্য অধিকার।	সদস্য
৩)	প্রকৌশলী নাবিলা আশরাফ উপ-ব্যবস্থাপক পরিকল্পনা ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৪)	জনাব কামাল হোসেন উপ-ব্যবস্থাপক কোম্পানী সেক্রেটারিয়েট ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা ও বিকল্প দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, তথ্য অধিকার।	সদস্য


উল্লেখ্য যে, তথ্য অধিকার বিষয়ক কমিটির অন্তর্ভুক্ত কর্মকর্তাগণকে কোম্পানির কাজের স্বার্থে যে ডিভিশন/ডিপার্টমেন্ট/শাখা/স্থাপনায় বদলি এবং যে পদেই পদোন্নতি অথবা দায়িত্ব প্রদান করা হোক না কেন তিনি উক্ত কমিটির কর্মকর্তা হিসেবেই দায়িত্ব পালন করবেন।

২। কমিটির বিবেচ্য বিষয় ও করণীয় (TOR):

(ক) কমিটি তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করবে;

- (খ) কমিটি স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করবে;
- (গ) কমিটি বার্ষিক প্রতিবেদন সংক্রান্ত তথ্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে;
- (ঘ) কমিটি তথ্য অধিকার আইন, ২০০৯-এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করবে;
- (ঙ) কমিটি তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের ব্যবস্থা গ্রহণ করবে; এবং
- (চ) কমিটি তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত সুপারিশ/পরামর্শ প্রদান করবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ অফিস আদেশ জারি করা হলো।



১১-১০-২০২৩

প্রকৌশলী মোঃ সাইফুল আলম ভূইয়া
মহাব্যবস্থাপক (প্রশাসন), অতিরিক্ত দায়িত্ব

বিতরণ (কার্যার্থে), (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) উপ-মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং সার্ভিস ডিপার্টমেন্ট,
কুমিল্লা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী
লিমিটেড
- ২) ব্যবস্থাপক, ব্যাংক ও ক্যাশ শাখা, বাখরাবাদ গ্যাস
ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৩) উপ-ব্যবস্থাপক, স্টেশন ডিজাইন এন্ড ম্যটেরিয়াল
কন্ট্রোল উপশাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন
কোম্পানী লিমিটেড
- ৪) উপ-ব্যবস্থাপক, আইন শাখা, বাখরাবাদ গ্যাস
ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.২১২.১৮.০০১.২৩.১৫৯/১(৩৩)

তারিখ: ২৫ আশ্বিন ১৪৩০
১০ অক্টোবর ২০২৩

অনুলিপি (জ্ঞাতার্থে):

- ১) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ২) সকল মহাব্যবস্থাপক/সচিব....
- ৩) উপ-মহাব্যবস্থাপক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড



১১-১০-২০২৩

মোঃ শহিদুল ইসলাম
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)